দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এই মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা জামায়াতের আমীর নায়েব আলী।

এসময় উপজেলার বিজিবির বিভিন্ন ক্যাম্প কোম্পানির কমান্ডারবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, আইনশৃঙ্খলা রক্ষা শুধু প্রশাসনের একার দায়িত্ব নয়, এটি একটি সমন্বিত প্রচেষ্টা। জনসচেতনতা ও সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে পারলে মাদক, সন্ত্রাস ও চোরাচালান প্রতিরোধ সহজ হবে। অবৈধ দখল, জমি নিয়ে বিরোধ ও সামাজিক সমস্যাগুলো সমাধানে প্রশাসন কঠোর অবস্থানে রয়েছে। আইন সবার জন্য সমান—এ বিষয়ে কাউকে ছাড় দেওয়া হবে না। মাদক ও সন্ত্রাস দমনে পুলিশ নিরলসভাবে কাজ করছে। এ ক্ষেত্রে জনসাধারণের সহযোগিতা অপরিহার্য। জনগণ যদি তথ্য দিয়ে পাশে থাকে, তাহলে অপরাধী যে-ই হোক না কেন, আইনের আওতায় আনা হবে। সীমান্তবর্তী এলাকায় চোরাচালান একটি বড় চ্যালেঞ্জ।

এ বিষয়ে পুলিশ, বিজিবি ও প্রশাসন সমন্বিতভাবে কাজ করছে। শীঘ্রই এ ধরনের অপরাধ কার্যকরভাবে নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে। রাজনৈতিক মতভেদ থাকলেও সমাজের কল্যাণে সবাইকে একসাথে কাজ করতে হবে। মাদক, সন্ত্রাস ও মানবপাচারের মতো সমস্যা কোনো রাজনৈতিক বিষয় নয়,

এটি সামাজিক সমস্যা। তাই রাজনৈতিক দলগুলোর ঐক্যবদ্ধ ভূমিকা প্রয়োজন। আইনশৃঙ্খলা রক্ষা, মাদক প্রতিরোধ ও মানবপাচার রোধে গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সংবাদপত্র সমাজের আয়না হিসেবে কাজ করে এবং মানুষের সচেতনতা তৈরিতে সহায়ক ভূমিকা রাখে। ধর্মীয় মূল্যবোধ মানুষকে সঠিক পথে চলতে সাহায্য করে। পরিবার থেকে সন্তানদের নৈতিক শিক্ষা দিলে তারা কখনো মাদক ও অপরাধে জড়াবে না। যুব সমাজকে সঠিকভাবে কাজে লাগাতে হবে। খেলাধুলা ও সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে তরুণ প্রজন্মকে ব্যস্ত রাখলে তারা অপরাধ থেকে দূরে থাকবে।

দামুড়হুদায় সাংবাদিককে প্রাণ নাশের হুমকি, প্রেসক্লাবে জরুরি সভায় নিন্দা জ্ঞাপন ও শাস্তির দাবী

দামুড়হুদার ডুগডুগি গ্রামের জুয়ার আসরের বস্তুনিষ্ঠু সংবাদ প্রকাশের পর প্রেসক্লাবের সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজকে মোবাইলে প্রাণ নাশের হুমকি দেয়া হয়েছে। এ ঘটনায় জরুরি সভায় তীব্র নিন্দা জ্ঞাপন করে অপরাধীর শাস্তির দাবী করেছে প্রেসক্লাব নেতৃবৃন্দ সহ সকল সদস্যবৃন্দ।

জানা গেছে, গত রোববার দৈনিক মাথাভাঙ্গা সহ কয়েকটি স্থানীয় দৈনিক পত্রিকায় দামুড়হুদার ডুগডুগির জমজমাট জুয়ার আসরের বস্তুনিষ্ঠু সংবাদ প্রকাশ হয়। সংবাদ প্রকাশের পর জুয়া চক্রের অন্যতম হোতা আসাদুজ্জামান আসাদ মোবাইলে সাংবাদিক মিরাজকে প্রাণ নাশের হুমকি ধামকি দেয়। বিষয়টা প্রেসক্লাব নেতৃবৃন্দ কে অবগত করা হলে আইনানুগ ব্যবস্থা নেয়ার সীদ্ধান্ত গৃহীত হয়। এরপর রাতে দামুড়হুদা প্রেসক্লাব নেতৃবৃন্দের উপস্থিতিতে এ ঘটনায় দামুড়হুদা মডেল থানার একটি জিডি করা হয়। গতকাল সোমবার বেলা ১১টায় প্রেসক্লাবে জরুরি সভার আহ্বান করা হয়। দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা

পলাশ এর সভাপতিত্বে জরুরি সভায় সাংবাদিক মিরাজকে প্রাণ নাশের হুমকি দাতা জুয়া চক্রের হোতা আসাদুজ্জামান আসাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করে ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করে সকল সদস্যবৃন্দ।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মুরশেদ বীন ফয়সাল তানজির, প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য তাছির আহমেদ, হাবিবুর রহমান,দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাংবাদিক সমিতির সহ-সভাপতি মোজাম্মেল শিশির, সাধারণ সম্পাদক শাহাজালাল বাবু, প্রেসক্লাবের সদস্য হেলাল উদ্দিন, আরিফুল ইসলাম মিলন, শেখ হাতেম আলী, আল সাফায়েত হোসেন প্রমুখ। জরুরি সভা শেষে দামুড়হুদা প্রেসক্লাব/সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ দামুড়হুদা মডেল থানার (ওসি) মো হুমায়ুন কবির এর সাথে সৌজন্য সাক্ষাৎ করে বিষয়টি নিয়ে আলোচনা করেন। ওসি মোঃ হুমায়ুন কবির বিষয়টিকে গুরুত্বের সাথে দেখা হচ্ছে বলে আশ্বাস দেন।

দামুড়হুদার ডুগডুগিতে জুয়ার আসরের সংবাদপ্রকাশের জেরে সাংবাদিক কে হুমকি

দামুড়হুদার ডুগডুগি গ্রামে জুয়ার আসরের বস্তুনিষ্ঠু সংবাদ প্রকাশের পর দৈনিক মাথাভাঙ্গার দামুড়হুদা প্রতিনিধিকে মোবাইলে হত্যার হুমকি প্রদান করেছেন জুয়া চক্রের অন্যতম হোতা মাদকাসক্ত আসাদুজ্জামান আসাদ।

অভিযুক্ত আসাদুজ্জামান আসাদ চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর গ্রামের মৃত ফকির মাহমুদের ছেলে ও জুয়া চক্রের অন্যতম হোতা।

জানা গেছে, গতকাল রোববার কয়েকটি দৈনিক পত্রিকায় দামুড়হুদার ডুগডুগি গ্রামে জমজমাট জুয়ার আসর বসানো হচ্ছে এমন বস্তুনিষ্ঠু সংবাদ প্রকাশ হয়। এরপরই তেলেবেগুনে জ্বলে উঠে জুয়া চক্রের অন্যতম

হোতা মাদকাসক্ত আসাদুজ্জামান আসাদ। এরই জের ধরে গতকাল রোববার দুপুরে ০১৯৪৬২৭৯৭৯০ নাম্বার থেকে কল করে আসাদুজ্জামান আসাদ সাংবাদিক কে হত্যার হুমকি প্রদান করে বলেন তোকে কোপানোর জন্য লোকজন ঠিক করা হ’য়েছে। দামুড়হুদা চৌরাস্তায় ফেলে তোকে কোপাবো।

এছাড়াও আজেবাজে ভাবে বিভিন্ন ভাষায় গালিগালাজ করেন। এমতাবস্থায় নিরাপত্তা হীনতায় ভুগছে সাংবাদিকসহ তার পরিবার। বিষয়টি নিয়ে আইনগত পদক্ষেপ নিবেন বলেও জানিয়েছেন ভুক্তভোগী সাংবাদিক।

দামুড়হুদায় ভুয়া বাংলা টিএসপি সার জব্দ ও ধ্বংস

চুয়াডাঙ্গার দামুড়হুদায় প্রতারণামূলকভাবে তৈরি ভুয়া বাংলা টিএসপি সার জব্দ করেছে উপজেলা কৃষি অফিস। গতকাল বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে উপজেলা চত্বরে জব্দকৃত ভুয়া সার ধ্বংস করা হয়। এসব সার রাসায়নিক পরীক্ষায় কোনো সারের অস্তিত্ব না থাকায় উপজেলা চত্বরে প্রকাশ্যে ধ্বংস করা হয়েছে।

উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে গত ৪ সেপ্টেম্বর দামুড়হুদা মাদ্রাসার সামনে সড়কের উপর থেকে ভ্যানযোগে আনা ১০ বস্তা বাংলা টিএসপি সার আটক করেন উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার। পরবর্তীতে রাসায়নিক পরীক্ষায় প্রমাণিত হয়, এগুলো শক্ত মাটি ও পাথরের গুঁড়া দিয়ে তৈরি, যা প্রকৃত সারের সঙ্গে কোনোভাবেই সম্পর্কিত নয়। প্রতারক চক্র এসব মাটির দলা টিএসপি সারের বস্তায় ভরে কৃষকদের কাছে বিক্রি করছে। এতে সাধারণ কৃষকরা আর্থিকভাবে ব্যাপক ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

কৃষি অফিসের একটি সূত্র জানায়, ঢাকা সাভারের হেমায়েতপুর থেকে সুন্দরবন কুরিয়ারের মাধ্যমে এসব ভুয়া সার চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে দেওয়া হচ্ছে। এ প্রসঙ্গে উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, “কৃষকদের ঠকাতে এই প্রতারণামূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে। কৃষকরা যেন

কোনোভাবে ক্ষতিগ্রস্ত হতে না হয়, সেজন্য আমরা কঠোর পদক্ষেপ নিচ্ছি। কৃষকদের আমরা অনুরোধ করছি, সার কেনার আগে অবশ্যই সরকারি অনুমোদিত ডিলারের কাছ থেকে যাচাই করে কিনবেন।”

জব্দকৃত সার ধ্বংস করার সময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) তিথি মিত্র, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশসহ উপজেলার তিনজন সার ডিলার ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

দামুড়হুদায় মেয়াদোত্তীর্ণ সার জব্দ, দোকান মালিককে জরিমানা

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে মেয়াদোত্তীর্ণ সার জব্দ ও জরিমানা করা হয়েছে।

গতকাল বুধবার দুপুর ২টার দিকে উপজেলার বাসস্ট্যান্ড এলাকায় একটি সার-কীটনাশক দোকানে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে. এইচ. তাশফিকুর রহমান।

অভিযানে প্রায় ১৪ হাজার টাকার মেয়াদোত্তীর্ণ সার জব্দ করা হয়। এসময় সার (ব্যবস্থাপনা) আইন-২০০৬ এর আলোকে দোকান মালিক আশরাফুলকে ১০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক বলেন, কৃষকদের স্বার্থ রক্ষায় এবং নকল ও মেয়াদোত্তীর্ণ সার-কীটনাশক বিক্রি বন্ধে এ ধরনের অভিযান নিয়মিতভাবে পরিচালনা করা হবে।

অভিযান চলাকালে উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার উপস্থিত থেকে সার-কীটনাশক ব্যবসায়ীদের আইন মেনে সঠিকভাবে ব্যবসা পরিচালনার জন্য সতর্ক করেন।

দামুড়হুদায় বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকীতে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র আয়োজনে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড এলাকায় নেতাকর্মীদের অংশগ্রহণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। র্যালি শেষে আলোচনা সভায় দলীয় নেতারা অংশ নেন।

সভায় সভাপতিত্ব করেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র সহ-সভাপতি শফিকুল ইসলাম মাস্টার। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির এবং প্রধান বক্তা ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

প্রধান অতিথির বক্তব্যে দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির বলেন, “বিএনপি সবসময় দেশের মানুষের গণতান্ত্রিক অধিকার রক্ষায় সংগ্রাম করে যাচ্ছে। এই প্রতিষ্ঠাবার্ষিকী আমাদের নতুন করে ঐক্যবদ্ধ হওয়ার বার্তা দেয়। জনগণের ভোটের অধিকার ফিরিয়ে দিতে আমরা ঐক্যবদ্ধভাবে কাজ করে যাচ্ছি।” প্রধান বক্তার বক্তব্যে দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, “বর্তমান সময়ে সুষ্ঠু নির্বাচনের দাবি দেশজুড়ে। মানুষ পরিবর্তন চায়। বিএনপি সেই গণদাবিকে সামনে রেখে শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাচ্ছে। জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণের জন্য আমরা ঐক্যবদ্ধ।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, উপজেলা মহিলা দলের সভানেত্রী সালমা জাহান পারুল।

উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক একরামুল হকের সঞ্চালনায়

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক চেয়ারম্যান কামরুজ্জামান টুনু, জুড়ানপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইদ্রীস আলী, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপি’র সভাপতি শামসুল হক, নাটুদাহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি সামছুল আলম, বিএনপি’র অন্যতম নেতা শামসুল হক, রোকনুজ্জামান তোতাম আব্দুস সালাম। উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক সোহেল রানা, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল কাদের, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ, সদস্য সচিব ডি কে সুলতান, সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইনজামুল হক, জেলা ছাত্রদলের সহ-সভাপতি মোঃ মোস্তফা কামালসহ উপজেলা যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, সদর ইউনিয়ন বিএনপি’র ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনছার আলী।

দামুড়হুদায় সড়ক দুর্ঘটনায় স্কুলছাত্র নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় জিহাদ নামের এক স্কুলছাত্রের মর্মান্তিক মৃত্যু হয়েছে। আজ সোমবার (৮ সেপ্টেম্বর) ভোরে চিকিৎসাধীন অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।

নিহত জিহাদ (১৬) পাটাচোরা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র ও একই গ্রামের জাহিদুল ইসলামের ছেলে।

প্রত্যক্ষদর্শী ও স্বজনরা জানায়, গতকাল রোববার বিকেল সাড়ে ৫টার দিকে কার্পাসডাঙ্গা কাউন্সিল মোড় এলাকায় মুজিবনগর-কার্পাসডাঙ্গা সড়কে এ দুর্ঘটনা ঘটে। ওই সময় দ্রুতগামী একটি মোটরসাইকেল মোড় ঘুরতে গিয়ে বিপরীত দিক থেকে আসা আরেকটি

মোটরসাইকেলের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে জিহাদ ছিটকে পড়ে গুরুতর আহত হয়। তার মাথা ও শরীরের বিভিন্ন স্থানে আঘাত লাগে।

তারা আরও জানান, দুর্ঘটনার পর স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। তবে অবস্থার অবনতি হলে চিকিৎসকরা রাতেই তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। পরে আজ ভোর ৫টার দিকে চিকিৎসাধীন অবস্থায় সেখানেই জিহাদের মৃত্যু হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) হুমায়ুন কবির বলেন, ঘটনার বিষয়ে এখন পর্যন্ত কোনো অভিযোগ পাওয়া যায়নি। তবে যদি অপমৃত্যুর মামলা হয়, তাহলে তা রাজশাহীতেই হবে বলে জানান তিনি।

দামুড়হুদায় বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভা

দামুড়হুদার নতিপোতা ইউনিয়নে বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বিকেলে নতিপোতা বাজারে এই অনুষ্ঠানের আয়োজন করে নতিপোতা ইউনিয়ন বিএনপি।

এতে সভাপতিত্ব করেন, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি মাসুদ রানা। প্রধান অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির। প্রধান বক্তা ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু। বিশেষ অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি সাবেক চেয়ারম্যান কামরুজ্জামান টুনু, জুড়ানপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইদ্রীস আলী, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন

বিএনপি’র সভাপতি শামসুল হক, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, সহ-সভাপতি আব্দুর রাজ্জাক, যুগ্ম সাধারণ সম্পাদক আক্তারুজ্জামান বাবুল, সাংগঠনিক সম্পাদক শওকত আলী ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ।

নতিপোতা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি তুহিনুর রহমান সোহাগের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র কোষাধ্যক্ষ আল মাসুম বাবু, নতিপোতা ইউনিয়ন বিএনপি নেতা বাবলুর রহমান, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য মাহফুজুর রহমান জনি, নতিপোতা ইউনিয়ন বিএনপির ১ নং ওয়ার্ডের সভাপতি বদরুল আলম, সাধারণ সম্পাদক লুৎফর রহমান, ২ নং ওয়ার্ডের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, ৩ নং ওয়ার্ডের সভাপতি আসাদুর রহমান মিঠু, ৪ নং ওয়ার্ডের সভাপতি আব্দুর রফিক, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম শফি, ৫ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার, ৬ নং ওয়ার্ডের সভাপতি আবু সাঈদ, ৭ নং ওয়ার্ডের সভাপতি শরিফ আলী, সাধারণ সম্পাদক বাবলুর রহমান, ৮ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক আনিসুজ্জামান, ৯ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, সহ-সভাপতি তরিকুল ইসলাম, বিএনপি নেতা নজরুল ইসলাম, নতিপোতা ইউনিয়ন যুবদল নেতা ইঞ্জিনিয়ার আকরাম হোসেন খান, জাহাঙ্গীর আলম অংকিল, মেহেদী হাসান নাঈম, পারভেজ আলী, ইউনিয়ন স্বেচ্ছাসেবকদলের আহ্বায়ক ডালিম শেখ, সদস্য সচিব সাগর আলী, যুগ্ম আহ্বায়ক আলমগীর হোসেন, নতিপোতা ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি শাকিল শেখ, যুগ্ম সাধারণ সম্পাদক নাগিবুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানের প্রধান বক্তা দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, পিআর পদ্ধতি অজুহাতে নির্বাচন কালক্ষেপণ করার পায়তারা করছে একটি দল। নির্বাচন বন্ধ করতে ষড়যন্ত্র করছে। দেশের মানুষ পিআর টিআর বোঝেনা। ভোট দেবেন এখানে আর সংসদ সদস্য নির্বাচিত হবে সন্দ্বীপে এমনটা হবে না। ওই নির্বাচন আমরা চাইনা। পারলে প্রতিযোগিতা করে নির্বাচন করে সংসদ সদস্য হয়ে দেখান। কোনো ষড়যন্ত্র করে বিএনপির গতিকে মন্থর করা যাবে না।

অনুষ্ঠানের প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির বলেন, আগামী ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন। এই নির্বাচনে বিএনপি’র সুনিশ্চিত জয় হবে দেখে একটি দল ষড়যন্ত্র করছে। বিএনপি’র বিরুদ্ধে কোনো ষড়যন্ত্র করে লাভ নেই। শহীদ জিয়ার আদর্শে গড়া বিএনপি পানিতে ভেসে আসেনি। আগামী নির্বাচনে

চুয়াডাঙ্গা-২ আসনে মাহমুদ হাসান খান বাবুকে ধানের শীষে ভোট দিয়ে নির্বাচিত করতে হবে। সকলকে ভেদাভেদ ভুলে কাজ করতে হবে।

দামুড়হুদায় ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন

দামুড়হুদায় ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) ১৪৪৭ হিজরী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তিথি মিত্র। এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে. এইচ. তাসফিকুর রহমান, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি আবেদউদ্দৌলা টিটন, ইসলামী ফাউন্ডেশনের কেয়ারটেকার আবুল হাসান, লক্ষ্মীপুর জামে মসজিদের ইমাম আব্দুল আউয়াল, জয়রামপুর শেখপাড়া জামে মসজিদের ইমাম মহিউদ্দিনসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, আমন্ত্রিত অতিথিবৃন্দ ও বিভিন্ন মসজিদের ইমামগণ।

সভায় বক্তারা বলেন, ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) আমাদের জন্য শুধু উৎসবের দিন নয়; বরং এটি আত্মশুদ্ধি ও নৈতিকতার শিক্ষাগ্রহণের দিন। মহানবী হযরত মুহাম্মদ (সাঃ)-এর জীবনাদর্শে রয়েছে শান্তি, সহমর্মিতা, ন্যায় ও মানবকল্যাণের বার্তা। তাঁর শিক্ষা ও আদর্শকে সমাজে বাস্তবায়ন করতে পারলেই সন্ত্রাস, জঙ্গিবাদ ও অনৈতিকতা থেকে মুক্ত একটি সমাজ গঠন সম্ভব হবে।

পরিশেষে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করা হয়। দোয়া পরিচালনা করেন উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা আশরাফুল আলম।

দামুড়হুদায় অনলাইন জুয়ার মাস্টার এজেন্টসহ গ্রেফতার-২

দামুড়হুদায় অনলাইন জুয়ার সাথে জড়িত থাকার অপরাধে অনলাইন জুয়াসাইট 1xBet এর মাস্টার এজেন্ট শুভংকর কুমার দাস (২৩) ও তার সহযোগী হাফিজুল ইসলাম হ্যাপি (২৫) কে গ্রেফতার করেছে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গা। এসময় তাদের নিকট থেকে অনলাইন জুয়ার কাজে ব্যবহৃত বিভিন্ন ব্রান্ডের দামী স্মার্ট ফোন ও সিম উদ্ধার করা হয়। তাদের নিকট থেকে উদ্ধারকৃত ফোনে অনলাইন জুয়া খেলা সংশ্লিষ্ট এপ্লিকেশন- 1xBet, Reddy, MelBet, MobCash, Teligram, Binance, bKash, SellFin, Nagad, Rocket লগইন অবস্থায় ছিল।

চুয়াডাঙ্গা জেলার সম্মানিত পুলিশ সুপার জনাব খন্দকার গোলাম মওলা, বিপিএম-সেবা এঁর দিকনির্দেশনায় সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল (CCIC) এর ইনচার্জ পুলিশ পরিদর্শক সামসুদ্দোহার নেতৃত্বে উপ-পুলিশ পরিদর্শক সৌমিত্র সাহা, মুহিদ হাসান, সহকারি উপ-পুলিশ পরিদর্শক রজিবুল, রমেন, আরিফ সঙ্গীয় ফোর্সসহ গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতে দামুড়হুদা থানাধীন জয়রামপুর দাসপাড়ায় অভিযান চালিয়ে অনলাইন জুয়ার মাস্টার এজেন্ট আসামী শুভংকর কুমার দাস ও মোঃ হাফিজুল ইসলাম হ্যাপি কে গ্রেফতার করেন।

এসময় তাদের হেফাজত থেকে অনলাইন জুয়ার কাজে ব্যবহৃত বিভিন্ন ব্রান্ডের স্মার্ট ফোন পর্যালোচনা করে দেখা যায় আসামী শুভংকর অনলাইন জুয়াসাইট 1xBet এর মাস্টার এজেন্ট। সে দামুড়হুদা থানাসহ আশপাশ এলাকার উঠতি বয়সী যুবকদের টার্গেট করে তাদের ফোনে জুয়ার বিভিন্ন ধরণের অ্যাপস্ ইন্সটল করে জুয়ার সাইটে রেজিষ্ট্রেশন করে দিয়ে অনলাইন জুয়া খেলায় প্রলুব্দ করতঃ কিপ্টো কারেন্সির মাধ্যমে টাকা ডিপোজিট, উইথড্রো করে জুয়া পরিচালনা করছে। যুবসমাজ অনলাইন জুয়া খেলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়ে বিভিন্ন অপরাধের সাথে জড়িয়ে পড়ছে এবং ঋণ নিয়ে ঋণ পরিশোধ করতে ব্যর্থ হয়ে আত্মহত্যার পথ বেছে নিচ্ছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার জনাব খন্দকার গোলাম মওলা বিপিএম-সেবা মহোদয় বলেন, বাংলাদেশে প্রচলিত 1xBet, MelBet সহ যতগুলো বেটিং সাইট রয়েছে তার বেশিরভাগই রাশিয়া থেকে নিয়ন্ত্রণ করা হয়। মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এর মাধ্যমে নির্দিষ্ট নম্বরে টাকা পাঠালে ব্যালেন্স যোগ হয়ে যায় এবং দেশের টাকা বাইরে চলে যায়। ব্যালেন্স যুক্ত হওয়ার পরে সাইটগুলোতে বিভিন্ন ধরনের জুয়া খেলার যে অপশন রয়েছে সেগুলো থেকে যেকোনো একটি পছন্দ অনুযায়ী অ্যাকাউন্ট হোল্ডার খেলতে পারে। বিভিন্ন দেশে স্থানীয়ভাবে নিয়ন্ত্রণের জন্য এজেন্ট নিয়োগ করা হয়।

জুয়ার এজেন্টরা অনলাইন জুয়া সংশ্লিষ্ট অ্যাপস পরিচালনা করতে পারে টেকনিক্যালি দক্ষ এমন লোক নিয়োগ দেয়। সরকার অনলাইন জুয়া প্রতিরোধে সাজাসহ মোটা অংকের আর্থিক জরিমানার বিধান রেখে সাইবার সুরক্ষা আইনটি অনুমোদন করেছেন। পরিশেষে, তিনি অনলাইন জুয়াসহ সকল অপরাধ নিয়ন্ত্রণে সকলের সহযোগিতা ও অনলাইন জুয়ায় আকৃষ্ট যুবকদের ধ্বংসের দিক থেকে ফিরে এসে স্বাভাবিক জীবনযাপন করার অনুরোধ জানান।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় সাইবার সুরক্ষা আইনে মামলা দায়ের করা হয়েছে। চুয়াডাঙ্গা জেলার প্রতিটি থানা এলাকায় অনলাইন জুয়া প্রতিরোধে জেলা পুলিশের অভিযান অব্যাহত থাকবে।